"শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন"

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)

নং ৩৯.০২.০০০০.০০৭.১১.১১০.২২- ৯০৪ তারিখ: ০১.০১.২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২২.০৯.২০২২ তারিখের ৩৯.০০.০০০০.০০৫.১১.০১২.১৭-২৯৩ সংখ্যক স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)-এর রাজস্বখাতের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে অনলাইনে (https://alljobs.teletalk.com.bd/bcsir16 বা http://bcsir16.teletalk.com.bd ওয়েবসাইটে) পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

ক্রঃ নং	পদের নাম, বেতনস্কেল ও বিষয় (জাঃ বেঃ স্কেল ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যেসকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।	প্রার্থীর বয়স
১	সাইন্টিফিক অফিসার (স্থায়ী পদ) টাঃ ২২০০০...৫৩০৬০/- (গ্রেড-৯) **বিষয়:** কেমিস্ট্রি	৩	সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণিতে বি.এসসি. (অনার্স) সহ এম.এস.সি অথবা প্রথম শ্রেণিতে এম.এসসি. ডিগ্রি অথবা উভয় পরীক্ষায় ২য় শ্রেণি। শিক্ষা জীবনে পরীক্ষার কোনটিতেই তৃতীয় বিভাগ বা শ্রেণি থাকা চলিবে না।	-	২৫.০৩.২০২০ তারিখে অনুর্ধ ৩০ বছর। [মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধি প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য]
২	সাইন্টিফিক অফিসার (স্থায়ী পদ) টাঃ ২২০০০...৫৩০৬০/- (গ্রেড-৯) **বিষয়:** ফার্মেসি	২		-	
৩	সাইন্টিফিক অফিসার (স্থায়ী পদ) টাঃ ২২০০০...৫৩০৬০/- (গ্রেড-৯) **বিষয়:** মাইক্রোবায়োলজি	১		-	
৪	সাইন্টিফিক অফিসার (অস্থায়ী পদ) টাঃ ২২০০০...৫৩০৬০/- (গ্রেড-৯) **বিষয়:** ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং	১		-	
৫	সাইন্টিফিক অফিসার (অস্থায়ী পদ) টাঃ ২২০০০...৫৩০৬০/- (গ্রেড-৯) **বিষয়:** কেমিস্ট্রি	১		-	
৬	সাইন্টিফিক অফিসার (অস্থায়ী পদ) টাঃ ২২০০০...৫৩০৬০/- (গ্রেড-৯) **বিষয়:** রোবোটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং	১		-	
৭	সাইন্টিফিক অফিসার (অস্থায়ী পদ) টাঃ ২২০০০...৫৩০৬০/- (গ্রেড-৯) **বিষয়:** লেদার ইঞ্জিনিয়ারিং	১		-	
৮	রিসার্চ কেমিস্ট (স্থায়ী) টাঃ ১২৫০০...৩০২৩০/-(গ্রেড-১১) **বিষয়:** কেমিস্ট্রি	১	সংশ্লিষ্ট বিষয়সহ দ্বিতীয় বিভাগ/শ্রেণিতে বি.এস.সি ডিগ্রি অথবা এম.এস.সি। শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণি বা বিভাগ থাকা চলিবেনা।	-	
৯	জুনিয়র টেকনিশিয়ান (স্থায়ী) টাঃ ৯৭০০...২৩৪৯০/- (গ্রেড-১৫)	১	দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) পরীক্ষায় পাশ অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড কোর্স সার্টিফিকেট।	নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, চাঁদপুর, ফেনী, নোয়াখালী, রাজশাহী, জয়পুরহাট, মাগুরা, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর।	
১০	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (স্থায়ী) টাঃ ৯৩০০...২২৪৯০/- (গ্রেড-১৬)	২	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও তৎসহ ইংরেজি টাইপে মিনিটে ৩৫ শব্দ গতিসম্পন্ন ও বাংলায় ২৫ শব্দ লিখনের গতি।		

চলমান পাতা - ২

ড. কুদরত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।
Dr. Qudrat-I-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh.
Fax : 880-2-8613022, E-mail: bcsir@bangla.net, Web site : www.bcsir.gov.bd

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)

ক্রঃ নং	পদের নাম, বেতনস্কেল ও বিষয় (জাঃ বেঃ স্কেল ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যেসকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।	প্রার্থীর বয়স
১১	অফিস সহায়ক (স্থায়ী) টাঃ ৮২৫০...২০০১০/- (গ্রেড-২০)	৩	৮ম শ্রেণি পাশ।	মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, টাঙ্গাইল, ব্রাহ্মণবাড়িয়া, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, বরিশাল, পটুয়াখালি, মৌলভীবাজার, হবিগঞ্জ।	২৫.০৩.২০২০ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর। [মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধি প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য]
১২	সিকিউরিটি গার্ড (স্থায়ী) টাঃ ৮২৫০...২০০১০/- (গ্রেড-২০)	২	ভূতপূর্ব প্রতিরক্ষা কর্মচারী অথবা ৮ম শ্রেণি পাশ তৎসহ নিরাপত্তা কর্মে ২ বৎসরের অভিজ্ঞতা।		

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

১। ক্রমিক নং ৯-১২ এর পদের জন্য এতিম-প্রতিবন্ধি কোটার যে কোন জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

২। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে (বিসিএসআইআর-এর ওয়েব সাইটে প্রকাশিত নমুনা মোতাবেক) নির্দিষ্ট ফরমে অনুমতি পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩। নিয়োগ সংক্রান্ত সরকারি নিয়মাবলী এবং কোটার ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসৃত হবে।

৪। আবেদনে উল্লিখিত তথ্য প্রমাণের জন্য মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৫। নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। এ ধরণের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ভাতা প্রদান করা হবে না। পরীক্ষার সময়সূচি বিসিএসআইআর এর Website: www.bcsir.gov.bd-এ প্রকাশ করা হবে।

৬। কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৭। নিয়োগকৃতদের রাজশাহী, চট্টগ্রাম, জয়পুরহাটসহ বিসিএসআইআর, ঢাকা-এর বিভিন্ন গবেষণাগার/ইউনিটে পদায়ন করা হবে।

৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিল করা এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৯। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://bcsir16.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১.০১.২০২৩ খ্রিঃ, সকাল ১০:০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২২.০১.২০২৩ খ্রিঃ, বিকাল ৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

চলমান পাতা - ৩

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ ক্রমিক নং ১-৭ এর পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬৭ (সাতষট্টি) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৬৬৭ (ছয়শত সাতষট্টি) টাকা, ক্রমিক নং ৮ এর পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৩৪ (চৌত্রিশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৩৩৪ (তিনশত চৌত্রিশ) টাকা, ক্রমিক নং ৯-১০ এর পদের জন্য ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা এবং ক্রমিক নং ১১-১২ এর পদের জন্য ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২ (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: BCSIR16<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BCSIR16 ABCDEF
Reply: Applicant's Name, Tk-.......... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BCSIR16<Space>Yes<Space>PIN and send to 16222

দ্বিতীয় SMS: BCSIR16<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BCSIR16 YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BCSIR Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://bcsir16.teletalk.com.bd **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে** (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online **আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: BCSIR16<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: BCSIR16 Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে: BCSIR16<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: BCSIR16 Help PIN 12345678 & send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিসিএসআইআর এর Website: www.bcsir.gov.bd-এ দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/bcsir16 ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bcsir.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

চলমান পাতা - ৪

ড. কুদরত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।
Dr. Qudrat-I-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh.
Fax : 880-2-8613022, E-mail: bcsir@bangla.net, Web site : www.bcsir.gov.bd

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: BCSIR, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

((ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বো কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১০। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(শাহ্ আবদুল তারিক)
সচিব